

# পরিশিষ্ট



## শিক্ষাক্রম অনুযায়ী ষষ্ঠ-দ্বাদশ শ্রেণির শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য

### লক্ষ্য

শিক্ষার্থীর সার্বিক বিকাশের মাধ্যমে মানবিক, সামাজিক ও নৈতিক গুণসম্পন্ন জ্ঞানী, দক্ষ, যুক্তিবাদী ও সৃজনশীল দেশপ্রেমিক জনসম্পদ সৃষ্টি।

### উদ্দেশ্য

১. শিক্ষার্থীর সুপ্ত প্রতিভা ও সম্ভাবনা বিকাশের মাধ্যমে সৃজনশীলতা, কল্পনা ও অনুসন্ধিৎসা বৃদ্ধিতে সহায়তা করা।
২. শিক্ষার্থীর মধ্যে মানবিক গুণাবলি, যেমন- নৈতিক মূল্যবোধ, সততা, অধ্যবসায়, সহিষ্ণুতা, শৃঙ্খলা, আত্মবিশ্বাস, সদাচার, অন্যের প্রতি শ্রদ্ধাবোধ, নান্দনিকতাবোধ, সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক ও ন্যায়বিচারবোধ সুদৃঢ়ভাবে গ্রথিত করা।
৩. মহান ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধের চেতনা ও অসাম্প্রদায়িক মূল্যবোধের আলোকে শিক্ষার্থীর মধ্যে দেশপ্রেম, জাতীয়তাবোধ ও গণতান্ত্রিক মূল্যবোধ জাগ্রত করা এবং সম্ভাবনাময় নাগরিক হিসেবে বেড়ে উঠতে সহায়তা করা।
৪. শিক্ষার্থীর মধ্যে বাংলাদেশ সম্পর্কে সুসংহত জ্ঞানের ভিত রচনা তথা এর ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, আর্থ-সামাজিক ও গণতান্ত্রিক রাজনৈতিক চর্চার প্রতি আগ্রহ ও যোগ্যতা সৃষ্টির মাধ্যমে বৈশ্বিক প্রেক্ষাপটে দেশের প্রগতি ও উন্নয়নে অবদান রাখতে সক্ষম করে গড়ে তোলা।
৫. শ্রমের মর্যাদা, কাজের অভ্যাস ও কাজ করতে আগ্রহী হওয়ার প্রতি ইতিবাচক মনোভাব বিকশিত করা যাতে শিক্ষার্থী ব্যক্তিগত এবং দলগত উভয় ধরনের কাজ সম্পাদনে নৈতিকতা ও দায়িত্বশীলতার পরিচয় দিতে পারে।
৬. সকল ক্ষেত্রে কার্যকর যোগাযোগ রক্ষায় শিক্ষার্থীর প্রমিত বাংলা ভাষার দক্ষতা সুদৃঢ় ও সুসংহত করা এবং নিয়মিত পাঠাভ্যাস গড়ে তোলা।
৭. বাংলা সাহিত্যের অন্তর্নিহিত নান্দনিক সৌন্দর্য, শৃঙ্খলা এবং সখ্য উপভোগ ও উদঘাটনে শিক্ষার্থীর যোগ্যতা বিকশিত করা।
৮. আধুনিক কর্মক্ষেত্র, উচ্চশিক্ষাসহ সকল ক্ষেত্রে কার্যকর যোগাযোগের প্রয়োজনে ইংরেজি ভাষার মৌলিক দক্ষতাসমূহ অর্জনের মাধ্যমে শিক্ষার্থীকে যোগ্য করে গড়ে তোলা।
৯. শিক্ষার্থীকে গাণিতিক যুক্তি, পদ্ধতি ও দক্ষতার সাথে পরিচিত করানো এবং জীবন ঘনিষ্ঠ ও বিশ্বের পারিপার্শ্বিক সমস্যা সমাধানের জন্য গণিতের প্রায়োগিক দক্ষতা বিকশিত করা।
১০. শিক্ষার্থীকে প্রযুক্তির প্রতি আগ্রহী করে তোলা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারে আত্মবিশ্বাসী, উৎপাদনশীল এবং সৃজনশীল হিসেবে তৈরি করা।
১১. শিক্ষার্থী যাতে জীবনমান উন্নয়নের জন্য জীবন ঘনিষ্ঠ বিভিন্ন সমস্যা অনুসন্ধান ও সমাধানে বৈজ্ঞানিক প্রক্রিয়া ও পদ্ধতি প্রয়োগ করতে পারে সে লক্ষ্যে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি ও যোগ্যতা অর্জনে সহায়তা করা।

১২. দেশে এবং বহির্বিশ্বের প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ এবং জলবায়ুর পরিবর্তনের উপর গুরুত্বারোপ করে পরিবেশগত উপাদান সম্পর্কে শিক্ষার্থীদের পরিচিত করা। একই সাথে সংশ্লিষ্ট সকলের কল্যাণের জন্য ঐ সকল উপাদানকে নিয়ন্ত্রণ ও ব্যবহার করার যোগ্যতা অর্জনে সহায়তা করা।
১৩. খাদ্য ও পুষ্টি, শারীরিক সক্ষমতা, রোগ-ব্যাধি, প্রজনন স্বাস্থ্য এবং ব্যক্তিগত নিরাপত্তা ইত্যাদির উপর গুরুত্বারোপ করে শিক্ষার্থীকে স্বাস্থ্যসম্মত জীবনযাপনের প্রয়োজনীয় জ্ঞান, জীবন দক্ষতা ও দৃষ্টিভঙ্গি অর্জনে সহায়তা করা।
১৪. শিক্ষার্থীর মনে নিজ নিজ ধর্মীয় বিশ্বাস ও মূল্যবোধ জাগ্রত করার পাশাপাশি অন্য ধর্ম ও ধর্মাবলম্বীদের প্রতি শ্রদ্ধাশীল হতে সহায়তা করা।
১৫. শিক্ষার্থীর মধ্যে বাঙালি এবং ক্ষুদ্র জাতি-গোষ্ঠীর নারী-পুরুষ, বর্ণ, গোত্র, ভাষা, সংস্কৃতি, বিভিন্ন শ্রেণি ও পেশার মানুষের প্রতি ভ্রাতৃত্ব ও শ্রদ্ধাবোধ সৃষ্টি করা।
১৬. শিক্ষার্থীর দৈহিক ও মানসিক বিকাশের লক্ষ্যে সহশিক্ষাক্রমিক কার্যাবলি- খেলাধুলা, শরীরচর্চা, সাংস্কৃতিক কর্মকাণ্ড, চারু ও কারুকলা অনুশীলনের নিয়মিত অভ্যাস গড়ে তোলা।
১৭. জীবনব্যাপী শিক্ষায় আগ্রহী ও যোগ্য করার জন্য শিক্ষার্থীর ব্যক্তিগত ও সামাজিক জীবন, আধুনিক কর্মক্ষেত্র এবং স্ব-কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি সুদৃঢ় করা।
১৮. সহযোগিতামূলক কাজ করার মাধ্যমে শিক্ষার্থীর নেতৃত্ব, সহযোগিতা ও যোগাযোগ দক্ষতা বিকাশে সক্ষম করা।



## বিষয়: জীববিজ্ঞান

### বিষয়ভিত্তিক উদ্দেশ্য

১. জীববিজ্ঞানের ধারণা ও পরিধি সম্পর্কে জ্ঞান অর্জন করা।
২. জীবের শ্রেণিবিন্যাস করার জ্ঞান ও দক্ষতা অর্জন করা।
৩. জীবদেহের গাঠনিক একক- কোষের জীবনতত্ত্ব সম্পর্কে জ্ঞান অর্জন করা।
৪. জীবের বিভিন্ন জৈবনিক প্রক্রিয়ার সাথে পরিচিত হওয়া এবং এগুলির প্রতি অনুসন্ধিৎসু ও কৌতূহলী হওয়া।
৫. জীব ও পরিবেশের মধ্যে পারস্পরিক সম্পর্ক, এদের সমন্বয় ও গুরুত্ব সম্পর্কে জ্ঞান অর্জন করা এবং বাস্তুসংস্থান সংরক্ষণের ব্যাপারে সচেতন হওয়া।
৬. জীবপ্রযুক্তির প্রয়োগ সম্পর্কে জ্ঞান অর্জন করা ও মানব কল্যাণে এর অবদান উপলব্ধি করা।
৭. জীববিজ্ঞানের বিভিন্ন ধারণা নীতি, ও তত্ত্বসমূহ, চিত্র, নকশা, সারণি এবং ভাষায় প্রকাশের জ্ঞান ও দক্ষতা অর্জন করা।
৮. জীববিজ্ঞান চর্চার মাধ্যমে ব্যক্তি, সমাজ ও মানব কল্যাণে অবদান রাখার দক্ষতা অর্জন করা।
৯. সমাজ ও সভ্যতার বিকাশে জীববিজ্ঞানের অবদান উপলব্ধি করা।
১০. জীববিজ্ঞান চর্চার অন্তর্নিহিত সৌন্দর্য ও আনন্দ উপলব্ধি করা এবং জীবের প্রতি ভালবাসা ও মমত্ববোধ তৈরি হওয়া।

**মাধ্যমিক স্তরের কারিকুলাম অনুযায়ী বিষয়বস্তু ও শিখনফল**  
**বিষয়: জীববিজ্ঞান**

**প্রথম অধ্যায়: জীবন পাঠ (৯ পিরিয়ড)**

শিখনফল	বিষয়বস্তু
<b>বুদ্ধিবৃত্তীয়</b> ১. জীববিজ্ঞানের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ২. জীববিজ্ঞানের প্রধান শাখাগুলো বর্ণনা করতে পারবে। ৩. জীবের শ্রেণিবিন্যাসের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ৪. জীবের শ্রেণিবিন্যাসের প্রয়োজনীয়তা মূল্যায়ন করতে পারবে। ৫. জীবের শ্রেণিবিন্যাসকরণ পদ্ধতি বর্ণনা করতে পারবে। ৬. দ্বিপদ নামকরণের ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। <b>আবেগীয়</b> ৭. বাস্তবজীবনে জীবের শ্রেণিবিন্যাসের প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতন হবে।	<ul style="list-style-type: none"> <li>• জীববিজ্ঞানের ধারণা</li> <li>• জীববিজ্ঞানের শাখাসমূহের পরিচিতি</li> <li>• শ্রেণিবিন্যাস               <ul style="list-style-type: none"> <li>○ ধারণা</li> <li>○ জীবের শ্রেণিবিন্যাসকরণ পদ্ধতি</li> </ul> </li> <li>• দ্বিপদ নামকরণ               <ul style="list-style-type: none"> <li>○ ধারণা</li> <li>○ গুরুত্ব</li> </ul> </li> </ul>

**দ্বিতীয় অধ্যায় : জীব কোষ ও টিস্যু (১৭ পিরিয়ড)**

শিখনফল	বিষয়বস্তু
<b>বুদ্ধিবৃত্তীয়</b> ১. উদ্ভিদ ও প্রাণিকোষের প্রধান অঙ্গানুর কাজ ব্যাখ্যা করতে পারবে। ২. উদ্ভিদ ও প্রাণিকোষের তুলনা করতে পারবে। ৩. স্নায়ু, পেশি, রক্ত, ত্বক এবং অস্থির কাজ সুষ্ঠুভাবে সম্পাদনে বিভিন্ন প্রকার কোষের ভূমিকা বর্ণনা করতে পারবে। ৪. জীবদেহে কোষের উপযোগিতা মূল্যায়ন করতে পারবে। ৫. উদ্ভিদটিস্যু ব্যাখ্যা করতে পারবে। ৬. প্রাণিটিস্যু ব্যাখ্যা করতে পারবে। ৭. একই রকম কোষ সমষ্টির ও একই কাজ সম্পন্ন করার ভিত্তিতে টিস্যুর কাজ মূল্যায়ন করতে পারবে। ৮. টিস্যু, অঙ্গ এবং তন্ত্রে কোষের সংগঠন ব্যাখ্যা করতে পারবে। ৯. টিস্যুতন্ত্রের কাজ ব্যাখ্যা করতে পারবে। ১০. অঙ্গ ও অঙ্গতন্ত্রের ধারণা এবং গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। <b>পরীক্ষা</b> ১১. অণুবীক্ষণ যন্ত্রের সাহায্যে উদ্ভিদকোষ (পেঁয়াজ) এবং প্রাণিকোষ (প্রোটোজোয়া) পর্যবেক্ষণ করে চিত্র অঙ্কন ও চিহ্নিত করতে পারবে। <b>মনোপেশিজ</b> ১২. উদ্ভিদ এবং প্রাণিটিস্যুর চিত্র অঙ্কন করে চিহ্নিত করতে পারবে। ১৩. সঠিকভাবে অণুবীক্ষণ যন্ত্র চালনা করতে পারবে। <b>আবেগীয়</b> ১৪. জীবের নানা কার্যক্রমে কোষের অবদান প্রশংসা করতে পারবে।	<ul style="list-style-type: none"> <li>• উদ্ভিদ ও প্রাণিকোষের প্রধান অঙ্গানুর কাজ (ইলেক্ট্রন মাইক্রোস্কপিক গঠন অনুসরণে)</li> <li>• মানবদেহের স্নায়ু, পেশি, রক্ত, ত্বক এবং অস্থির কাজ পরিচালনায় বিভিন্ন প্রকার কোষের ভূমিকা</li> <li>• উদ্ভিদটিস্যু               <ul style="list-style-type: none"> <li>○ সরল টিস্যু (প্যারেনকাইমা, কোলেনকাইমা, স্ক্লেরেনকাইমা)</li> <li>○ জটিল টিস্যু (জাইলেম ও ফ্লোয়েম)</li> </ul> </li> <li>• প্রাণিটিস্যুর কাজ               <ul style="list-style-type: none"> <li>○ আবরণী</li> <li>○ যোজক</li> <li>○ পেশি</li> <li>○ স্নায়ু</li> </ul> </li> <li>• টিস্যু, অঙ্গ এবং তন্ত্রে কোষের সংগঠন</li> <li>• টিস্যুতন্ত্র এবং এর কাজ</li> <li>• অঙ্গ ও অঙ্গতন্ত্রের ধারণা এবং গুরুত্ব</li> </ul>

তৃতীয় অধ্যায়: কোষ বিভাজন

(১৩ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
<p><b>বুদ্ধিবৃত্তীয়</b></p> <ol style="list-style-type: none"> <li>কোষ বিভাজনের ধারণা ব্যাখ্যা করতে পারবে।</li> <li>কোষ বিভাজনের প্রকারভেদ বর্ণনা করতে পারবে।</li> <li>মাইটোসিস ব্যাখ্যা করতে পারবে।</li> <li>মাইটোসিসের পর্যায়সমূহ বর্ণনা করতে পারবে।</li> <li>জীব দেহে মাইটোসিস কোষ বিভাজনের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।</li> <li>মিয়োসিস ব্যাখ্যা করতে পারবে।</li> <li>জনন কোষ উৎপাদনে মিয়োসিসের তাৎপর্য ব্যাখ্যা করতে পারবে।</li> </ol> <p><b>আবেগীয়</b></p> <ol style="list-style-type: none"> <li>জীবনের ধারাবাহিকতা রক্ষায় কোষ বিভাজনের অবদান উপলব্ধি করতে পারবে এবং প্রশংসা করতে পারবে।</li> </ol>	<ul style="list-style-type: none"> <li>কোষ বিভাজন <ul style="list-style-type: none"> <li>○ ধারণা</li> <li>○ প্রকারভেদ</li> </ul> </li> <li>মাইটোসিস <ul style="list-style-type: none"> <li>○ ধারণা</li> <li>○ পর্যায়</li> <li>○ গুরুত্ব</li> </ul> </li> <li>মিয়োসিস <ul style="list-style-type: none"> <li>○ ধারণা</li> <li>○ তাৎপর্য</li> </ul> </li> </ul>

চতুর্থ অধ্যায়: জীবনীশক্তি

(১৫ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
<p><b>বুদ্ধিবৃত্তীয়</b></p> <ol style="list-style-type: none"> <li>কোষে প্রধান শক্তির উৎস হিসেবে এটিপির ভূমিকা ব্যাখ্যা করতে পারবে।</li> <li>সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় শর্করা প্রস্তুতি ব্যাখ্যা করতে পারবে।</li> <li>সালোকসংশ্লেষণে ক্লোরোফিল এবং আলোর ভূমিকা ব্যাখ্যা করতে পারবে।</li> <li>সালোকসংশ্লেষণে প্রভাবকের ভূমিকা বর্ণনা করতে পারবে।</li> <li>সালোকসংশ্লেষণের উপর জীবের নির্ভরশীলতার কারণ মূল্যায়ন করতে পারবে।</li> <li>শ্বসন ব্যাখ্যা করতে পারবে।</li> <li>সবাত ও অবাত শ্বসনের ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।</li> <li>সালোকসংশ্লেষণ ও শ্বসনের মধ্যে তুলনা করতে পারবে।</li> </ol> <p><b>পরীক্ষা</b></p> <ol style="list-style-type: none"> <li>সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় ক্লোরোফিল ও আলোর অপরিহার্যতার পরীক্ষাটি করতে পারবে।</li> <li>শ্বসন প্রক্রিয়ায় তাপ নির্গমনের পরীক্ষাটি করতে পারবে।</li> </ol> <p><b>আবেগীয়</b></p> <ol style="list-style-type: none"> <li>জীবের খাদ্য প্রস্তুতে উদ্ভিদের অবদান উপলব্ধি করবে এবং উদ্ভিদের প্রতি সংবেদনশীল আচরণ করবে।</li> </ol>	<ul style="list-style-type: none"> <li>জীবনীশক্তি (Bioenergetics) ও এটিপির ভূমিকা</li> <li>সালোকসংশ্লেষণ <ul style="list-style-type: none"> <li>○ প্রক্রিয়া</li> <li>○ ক্লোরোফিল এবং আলোর ভূমিকা</li> <li>○ অন্যান্য প্রভাবকের ভূমিকা</li> <li>○ গুরুত্ব</li> </ul> </li> <li>শ্বসন <ul style="list-style-type: none"> <li>○ সবাত ও অবাত শ্বসন</li> <li>○ গুরুত্ব</li> </ul> </li> </ul>

শিখনফল	বিষয়বস্তু
<p><b>বুদ্ধিবৃত্তীয়</b></p> <p>১. উদ্ভিদের পুষ্টির অতি প্রয়োজনীয় উপাদান বর্ণনা করতে পারবে।</p> <p>২. উদ্ভিদে পুষ্টির অভাবজনিত লক্ষণ বিশ্লেষণ করতে পারবে।</p> <p>৩. প্রাণীর খাদ্যের প্রধান উপাদান ও উৎস বর্ণনা করতে পারবে।</p> <p>৪. আদর্শ খাদ্য পিরামিড ব্যাখ্যা করতে পারবে।</p> <p>৫. খাদ্য গ্রহণের নিয়মনীতি ব্যাখ্যা করতে পারবে।</p> <p>৬. পুষ্টির অভাবজনিত রোগের লক্ষণ, প্রতিরোধ ও প্রতিকার বর্ণনা করতে পারবে।</p> <p>৭. কিলোক্যালরি এবং কিলোজুল ব্যাখ্যা করতে পারবে।</p> <p>৮. পুষ্টি উপাদানে শক্তির পরিমাণ এবং ক্যালরি ও জুলে এদের রূপান্তর ব্যাখ্যা করতে পারবে।</p> <p>৯. বডি মাস ইনডেক্স (বিএমআই) ও বডি মাস রেশিউ (বিএমআর) এর গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।</p> <p>১০. বিএমআই ও বিএমআর এর হিসাব করতে পারবে।</p> <p>১১. বিএমআর এবং ব্যয়িত শক্তির সাথে সম্পর্ক নির্ণয় করতে পারবে।</p> <p>১২. বয়স ও লিঙ্গ ভেদে বিএমআই হিসাব করতে পারবে।</p> <p>১৩. সুস্থ জীবন যাপনে শরীরচর্চা ও বিশ্রামের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।</p> <p>১৪. খাদ্য সংরক্ষণে রাসায়নিক পদার্থ ব্যবহারের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে।</p> <p>১৫. খাদ্যে অতিমাত্রায় রাসায়নিক পদার্থ এবং রঞ্জক ব্যবহারের শারীরিক প্রতিক্রিয়া বিশ্লেষণ করতে পারবে।</p>	<ul style="list-style-type: none"> <li>উদ্ভিদের পুষ্টি <ul style="list-style-type: none"> <li>পুষ্টি ও তার প্রয়োজনীয় উপাদান</li> <li>পুষ্টির অভাবজনিত লক্ষণসমূহ</li> </ul> </li> <li>প্রাণীর খাদ্য ও পুষ্টি <ul style="list-style-type: none"> <li>খাদ্যের প্রধান উপাদান ও উৎস</li> <li>আদর্শ খাদ্য পিরামিড</li> <li>খাদ্য গ্রহণের নিয়মনীতি (Healthy eating)</li> </ul> </li> <li>পুষ্টির অভাবজনিত রোগ <ul style="list-style-type: none"> <li>গলগণ্ড</li> <li>রাতকানা</li> <li>রিকেট</li> <li>রক্ত শূন্যতা</li> </ul> </li> <li>পুষ্টি উপাদানে শক্তি (Energy in nutrients) <ul style="list-style-type: none"> <li>প্রতি কেজি পুষ্টি উপাদানে শক্তির পরিমাণ</li> <li>ক্রিয়াকর্মে বা কার্য সম্পাদনে শক্তি [কিলোক্যালরি এবং কিলোজুল-এ]</li> </ul> </li> <li>বিএমআই (BMI) এবং বিএমআর (BMR) <ul style="list-style-type: none"> <li>গুরুত্ব</li> <li>হিসাব</li> <li>বি এম আর এবং ব্যয়িত শক্তির সম্পর্ক</li> <li>বিএমআই (বয়স ও লিঙ্গ)</li> </ul> </li> <li>শরীরচর্চা এবং বিশ্রামের গুরুত্ব</li> <li>খাদ্যদ্রব্য সংরক্ষণে রাসায়নিক পদার্থের ব্যবহার ও এর শারীরিক প্রতিক্রিয়া</li> <li>খাদ্যে রঞ্জক ব্যবহার</li> </ul>

শিখনফল	বিষয়বস্তু
<p>১৬. পৌষ্টিকতত্ত্বের প্রধান অংশ ও সহায়তাকারী অঙ্গের গঠন ও কাজ বর্ণনা করতে পারবে।</p> <p>১৭. যকৃতের (Liver) কাজ বর্ণনা করতে পারবে।</p> <p>১৮. অগ্ন্যাশয়ের (Pancrease) কাজ বর্ণনা করতে পারবে।</p> <p>১৯. খাদ্য পরিপাকে উৎসেচকের (Engyme) ভূমিকা মূল্যায়ন করতে পারবে।</p> <p>২০. অঙ্গের বিভিন্ন সমস্যা জনিত রোগ এবং এর প্রতিরোধ ও প্রতিকার বর্ণনা করতে পারবে।</p> <p><b>অনুসন্ধান</b></p> <p>২১. শিক্ষার্থী তার সাতদিনের গৃহীত খাদ্যের একটি তালিকা তৈরি করে এটিকে সুসম খাদ্যের সাথে তুলনা করতে পারবে।</p> <p><b>মনোপেশিজ</b></p> <p>২২. স্বাস্থ্য সম্মত জীবন যাপনে পুষ্টির অবদান বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে পোস্টার অঙ্কন করতে পারবে।</p> <p>২৩. পৌষ্টিকতত্ত্বের প্রধান অংশের চিত্র অঙ্কন করে চিহ্নিত করতে পারবে।</p> <p><b>আবেগীয়</b></p> <p>২৪. পরিপাকতত্ত্বের রোগের বিষয়ে নিজে সচেতন হবে এবং পরিবারের সদস্যদেরকে সচেতন হতে উদ্বুদ্ধ করতে পারবে।</p> <p>২৫. স্বাস্থ্যসম্মত জীবন যাপনে পুষ্টির অবদান বিষয়ে নিজে সচেতন হবে এবং অন্যদের সচেতন করতে পারবে।</p>	<ul style="list-style-type: none"> <li>মানুষের পৌষ্টিকতত্ত্বের প্রধান অংশ ও সহায়তাকারী অঙ্গ এবং এর কাজ: <ul style="list-style-type: none"> <li>গলাধঃকরণ</li> <li>পরিপাক</li> <li>শোষণ</li> <li>আত্মিকরণ</li> <li>নিঃসরণ</li> </ul> </li> <li><b>যকৃতের (Liver) কাজ:</b> <ul style="list-style-type: none"> <li>পরিপাক</li> <li>গ্লুকোজ এবং অ্যামাইনো এসিডের বিপাক</li> <li>ইউরিয়া উৎপাদন</li> </ul> </li> <li><b>অগ্ন্যাশয়ের (Pancrease) কাজ</b></li> <li><b>আত্মিক সমস্যা:</b> <ul style="list-style-type: none"> <li>অজীর্ণতা</li> <li>আমাশয়</li> <li>কোষ্ঠকাঠিন্য</li> <li>গ্যাস্ট্রিক- আলসার</li> <li>অ্যাপেনডিসাইটিস</li> <li>কৃমিজনিত রোগ</li> <li>ডায়ারিয়া</li> </ul> </li> </ul>

ষষ্ঠ অধ্যায় : জীবে পরিবহণ (৩০ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
<p><b>বুদ্ধিবৃত্তীয়</b></p> <p>১. উদ্ভিদে পরিবহণের ধারণা ও প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে।</p> <p>২. উদ্ভিদ ও পানির সম্পর্ক ব্যাখ্যা করতে পারবে।</p> <p>৩. উদ্ভিদে পানি ও খনিজ পদার্থ শোষণ প্রক্রিয়া ও এর প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে।</p> <p>৪. সালোক সংশ্লেষণের ফলে উৎপাদিত পদার্থের পরিবহণ বর্ণনা করতে পারবে।</p> <p>৫. উদ্ভিদে পানি ও খনিজ পদার্থ পরিবহণ ও এর প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে।</p> <p>৬. প্রস্বেদনের ধারণা ও তাৎপর্য ব্যাখ্যা করতে পারবে।</p> <p>৭. প্রস্বেদনের হার নিয়ন্ত্রণে প্রভাবকের ভূমিকা বিশ্লেষণ করতে পারবে।</p> <p>৮. প্রস্বেদন একটি অতিপ্রয়োজনীয় অমঙ্গল (Transpiration : A necessary Evil) মূল্যায়ন করতে পারবে।</p>	<ul style="list-style-type: none"> <li>উদ্ভিদে পরিবহণ <ul style="list-style-type: none"> <li>ধারণা</li> <li>প্রয়োজনীয়তা</li> </ul> </li> <li>উদ্ভিদ ও পানির সম্পর্ক - <ul style="list-style-type: none"> <li>ইমবাইলিশন</li> <li>ব্যাপন</li> <li>অভিস্রবণ</li> </ul> </li> <li>পানি ও খনিজ পদার্থের শোষণ</li> <li>সালোক সংশ্লেষণে উৎপাদিত পদার্থের পরিবহণ</li> <li>পানি ও খনিজ পদার্থের পরিবহণ</li> <li>প্রস্বেদন <ul style="list-style-type: none"> <li>ধারণা এবং তাৎপর্য</li> <li>প্রভাবক- তাপমাত্রা, বায়ু ও আর্দ্রতা</li> </ul> </li> </ul>

শিখনফল	বিষয়বস্তু
<p>৯. মানবদেহে সংবহনের ধারণা ব্যাখ্যা করতে পারবে।</p> <p>১০. রক্ত উপাদানের কাজ ব্যাখ্যা করতে পারবে।</p> <p>১১. বিভিন্ন গ্রুপের রক্তের বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারবে।</p> <p>১২. রক্ত গ্রুপ বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে রক্ত নির্বাচন করতে পারবে।</p> <p>১৩. রক্তদানের নিয়মাবলি এবং এর সামাজিক দায়বদ্ধতা বর্ণনা করতে পারবে।</p> <p>১৪. মানবদেহে রক্ত সঞ্চালন কার্যক্রম বর্ণনা করতে পারবে।</p> <p>১৫. হৃদপিণ্ডের গঠন ও কাজ বর্ণনা করতে পারবে।</p> <p>১৬. হৃদপিণ্ড গঠনগতভাবে যে এর কার্যক্রমের সাথে অভিযোজিত তা বিশ্লেষণ করতে পারবে। (Analyze how heart is structurally adapted to its function)</p> <p>১৭. রক্তসঞ্চালনে রক্তচাপের ভূমিকা বিশ্লেষণ করতে পারবে।</p> <p>১৮. আদর্শ রক্তচাপ ব্যাখ্যা করতে পারবে।</p> <p>১৯. কোলেস্টেরলের প্রকারভেদ, সীমা, উপকারিতা ও স্বাস্থ্যঝুঁকি বর্ণনা করতে পারবে।</p> <p>২০. রক্তসঞ্চালনে কোলেস্টেরলের ভূমিকা বিশ্লেষণ করতে পারবে।</p> <p>২১. রক্তে অস্বাভাবিকতার (Blood Disorder) কারণ ও ফলাফল ব্যাখ্যা করতে পারবে।</p> <p>২২. হৃদপিণ্ড সম্পর্কিত রোগের লক্ষণ, কারণ, প্রতিরোধ ও প্রতিকার বিশ্লেষণ করতে পারবে।</p> <p>২৩. হৃদপিণ্ডকে সুস্থ রাখার উপায় বিশ্লেষণ করতে পারবে।</p> <p><b>অনুসন্ধান</b></p> <p>২৪. উদ্ভিদে প্রস্বেদনের পরীক্ষাটি করতে পারবে।</p> <p>২৫. বিশ্রামের অবস্থায় এবং শরীরচর্চার পর রক্তচাপ ও পালসরেট পরিমাপ করে এবং দুই অবস্থানে পরিমাপকৃত রক্তচাপ ও পালসরেট বিশ্লেষণ করতে পারবে।</p> <p><b>মনোপেশিজ</b></p> <p>২৬. সঠিকভাবে রক্তচাপ ও পালসরেট পরিমাপ করতে পারবে।</p> <p><b>আবেগীয়</b></p> <p>২৭. হৃদপিণ্ডকে সুস্থ রাখার জন্য নিজে সচেতন হবে এবং অন্যকে সচেতন করতে পারবে।</p>	<ul style="list-style-type: none"> <li>• মানবদেহে সংবহন</li> <li>• রক্তের উপাদান ও কাজ</li> <li>• রক্ত গ্রুপের বৈশিষ্ট্য ও রক্ত নির্বাচন</li> <li>• রক্ত দান এবং সামাজিক দায়বদ্ধতা</li> <li>• রক্ত সঞ্চালন <ul style="list-style-type: none"> <li>○ হৃদপিণ্ডের গঠন ও কাজ</li> <li>○ শিরা ও ধমনির কাজ</li> <li>○ রক্ত চাপের ভূমিকা</li> </ul> </li> <li>• আদর্শ রক্তচাপ</li> <li>• রক্তচাপ ও পালসরেট এবং এদের পরিমাপ</li> <li>• কোলেস্টেরল <ul style="list-style-type: none"> <li>○ প্রকারভেদ</li> <li>○ সীমা</li> <li>○ উপকারিতা ও স্বাস্থ্য ঝুঁকি</li> </ul> </li> <li>• রক্তের অস্বাভাবিকতা <ul style="list-style-type: none"> <li>○ লিউকেমিয়া</li> </ul> </li> <li>• হৃদপিণ্ড সম্পর্কিত রোগ <ul style="list-style-type: none"> <li>○ উচ্চ ও নিম্ন রক্তচাপ</li> <li>○ বাতজ্বর</li> <li>○ হার্ট এটাক</li> </ul> </li> <li>• হৃদপিণ্ডকে সুস্থ রাখার উপায় <ul style="list-style-type: none"> <li>○ সঠিক খাদ্য নির্বাচন</li> <li>○ সঠিক জীবনধারা অনুসরণ</li> </ul> </li> </ul>

সপ্তম অধ্যায়: গ্যাসীয় বিনিময় (১১ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
<b>বুদ্ধিবৃত্তীয়</b> ১. উদ্ভিদে গ্যাসীয় বিনিময়ের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ২. মানুষের শ্বসনতন্ত্রের প্রধান অংশসমূহের কাজ ব্যাখ্যা করতে পারবে। ৩. ফুসফুসের গঠন ও কাজ বর্ণনা করতে পারবে। ৪. মানুষের শ্বাস-প্রশ্বাস প্রক্রিয়া ও গ্যাসীয় বিনিময় বর্ণনা করতে পারবে। ৫. শ্বসনতন্ত্রের রোগের লক্ষণ, কারণ, প্রতিরোধ ও প্রতিকারের কৌশল ব্যাখ্যা করতে পারবে। <b>পরীক্ষা</b> ৬. নিঃশ্বাসের সাথে নির্গত গ্যাসের প্রকৃতি নির্ণয় করতে পারবে (চুনের পানি পরীক্ষা)। <b>মনোপেশিজ</b> ৭. ফুসফুসের চিত্র অঙ্কন করে চিহ্নিত করতে পারবে। <b>আবেগীয়</b> ৮. শ্বসনতন্ত্রের রোগ প্রতিরোধে সচেতনতা সৃষ্টি করতে পারবে।	<ul style="list-style-type: none"> <li>উদ্ভিদে গ্যাসীয় বিনিময়</li> <li>মানব শ্বসনতন্ত্রের প্রধান অংশসমূহ-               <ul style="list-style-type: none"> <li>ফুসফুসের গঠন</li> </ul> </li> <li>শ্বাস-প্রশ্বাস প্রক্রিয়া ও গ্যাসীয় বিনিময়</li> <li>শ্বাসনালী সংক্রান্ত রোগ:               <ul style="list-style-type: none"> <li>অ্যাজমা</li> <li>ব্রংকাইটিস</li> <li>নিউমোনিয়া</li> <li>যক্ষ্মা</li> <li>ক্যান্সার</li> </ul> </li> </ul>

অষ্টম অধ্যায়: রেচন প্রক্রিয়া (১৫ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
<b>বুদ্ধিবৃত্তীয়:</b> ১. মানুষের রেচন ব্যাখ্যা করতে পারবে। ২. মানবদেহে উৎপন্ন রেচন পদার্থের বর্ণনা করতে পারবে। ৩. বৃক্কের (Kidney) গঠন ও কাজ বর্ণনা করতে পারবে। ৪. নেফ্রনের গঠন ও কাজ বর্ণনা করতে পারবে। ৫. অসমোরেগুলেশনে বৃক্কের ভূমিকা ব্যাখ্যা করতে পারবে। ৬. বৃক্ক পাথর সৃষ্টি প্রতিরোধ এবং প্রতিকার বর্ণনা করতে পারবে। ৭. বৃক্ক বিকলের লক্ষণ ও করণীয় বর্ণনা করতে পারবে। ৮. বৃক্কের স্বাভাবিক কার্যক্রম বজায় রাখতে ডায়ালাইসিসের ভূমিকা ব্যাখ্যা করতে পারবে। ৯. বৃক্ক প্রতিস্থাপন এবং মরনোত্তর বৃক্ক দানের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ১০. মূত্রনালীর রোগ এবং সুস্থ রাখার উপায় বর্ণনা করতে পারবে। <b>অনুসন্ধান</b> ১১. মরনোত্তর বৃক্ক দান বিষয়ে জনমত নিরূপণের একটি অনুসন্ধান কাজ করতে পারবে। <b>মনোপেশিজ</b> ১২. মানব বৃক্ক ও নেফ্রনের চিত্র অঙ্কন করে চিহ্নিত করতে পারবে। ১৩. সামাজিক সচেতনতা সৃষ্টির জন্য মরনোত্তর বৃক্ক দান বিষয়ে পোস্টার অঙ্কন করতে পারবে। ১৪. বৃক্ক ও মূত্রনালীর সুস্থতা রক্ষায় সচেতনতা সৃষ্টি করতে লিফলেট অঙ্কন করতে পারবে। <b>আবেগীয়</b> ১৫. বৃক্ক ও মূত্রনালীর সুস্থতায় সচেতনতা সৃষ্টি করতে পারবে। ১৬. মরনোত্তর বৃক্ক দান বিষয়ে সামাজিক সচেতনতা সৃষ্টি করতে পারবে।	<ul style="list-style-type: none"> <li>মানব রেচন</li> <li>রেচন পদার্থ-               <ul style="list-style-type: none"> <li>ইউরিয়া</li> <li>লবণ</li> <li>নাইট্রোজেন</li> <li>কার্বনডাই অক্সাইড</li> </ul> </li> <li>বৃক্ক (Kidney)-               <ul style="list-style-type: none"> <li>গঠন ও কাজ</li> </ul> </li> <li>নেফ্রন -               <ul style="list-style-type: none"> <li>গঠন ও কাজ</li> </ul> </li> <li>অসমোরেগুলেশনে বৃক্কের ভূমিকা</li> <li>বৃক্কের সমস্যা-               <ul style="list-style-type: none"> <li>বৃক্ক পাথর- প্রতিকার</li> <li>তাৎক্ষণিক বৃক্ক বিকল- লক্ষণ ও করণীয়</li> <li>ডায়ালাইসিস</li> <li>বৃক্ক প্রতিস্থাপন এবং মরনোত্তর বৃক্ক দান</li> </ul> </li> <li>মূত্রনালীর রোগ ও সুস্থ রাখার উপায়</li> </ul>

নবম অধ্যায়: দৃঢ়তা প্রদান ও চলন (১৩ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
<b>বুদ্ধিবৃত্তীয়</b> ১. মানব কঙ্কাল বর্ণনা করতে পারবে। ২. দৃঢ়তা প্রদান এবং চলনে কঙ্কালের ভূমিকা ব্যাখ্যা করতে পারবে। ৩. বিভিন্ন প্রকার অস্থি ও অস্থিসন্ধির কাজ ব্যাখ্যা করতে পারবে। ৪. পেশির ক্রিয়া ব্যাখ্যা করতে পারবে। ৫. টেনডন এবং লিগামেন্টের কাজ ব্যাখ্যা করতে পারবে। ৬. ওসটিওপেরোসিসের কারণ, লক্ষণ ও প্রতিকার বর্ণনা করতে পারবে। ৭. আর্থ্রাইটিসের কারণ, লক্ষণ ও প্রতিকার বর্ণনা করতে পারবে। <b>অনুসন্ধান</b> ৮. ওসটিওপেরোসিস ও আর্থ্রাইটিসের কারণ অনুসন্ধান করতে পারবে। <b>মনোপেশিজ</b> ৯. মানব কঙ্কালের বিভিন্ন অংশের চিত্র অঙ্কন করে চিহ্নিত করতে পারবে। <b>আবেগীয়</b> ১০. অস্থির সুস্থতা রক্ষায় সচেতনতা সৃষ্টি করতে পারবে।	<ul style="list-style-type: none"> <li>• মানব কঙ্কালের সাধারণ পরিচিতি</li> <li>• দৃঢ়তা প্রদান এবং চলনে কঙ্কালের ভূমিকা</li> <li>• অস্থি               <ul style="list-style-type: none"> <li>○ প্রধান অস্থি</li> <li>○ তরুণাস্থি</li> <li>○ অস্থিসন্ধি ও কাজ-সাইনুভিয়াল অস্থি সন্ধি</li> </ul> </li> <li>• পেশির ক্রিয়া</li> <li>• টেনডন ও লিগামেন্ট</li> <li>• ওসটিওপেরোসিস               <ul style="list-style-type: none"> <li>○ কারণ</li> <li>○ লক্ষণ</li> <li>○ প্রতিকার</li> </ul> </li> <li>• আর্থ্রাইটিস               <ul style="list-style-type: none"> <li>○ কারণ</li> <li>○ লক্ষণ</li> <li>○ প্রতিকার</li> </ul> </li> </ul>

দশম অধ্যায়: সমন্বয়(১৫ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
<b>বুদ্ধিবৃত্তীয়</b> ১. উদ্ভিদে সমন্বয় ব্যাখ্যা করতে পারবে। ২. প্রাণীর সমন্বয় প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে। ৩. স্নায়ুতন্ত্রের প্রধান অংশসমূহের কাজ ব্যাখ্যা করতে পারবে। ৪. সাধারণ নিউরনের গঠন ও কাজ ব্যাখ্যা করতে পারবে। ৫. প্রতিবর্তী প্রতিক্রিয়া ব্যাখ্যা করতে পারবে। ৬. আবেগ সঞ্চালন প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে। ৭. প্রাণরসের প্রধান কাজ ব্যাখ্যা করতে পারবে। ৮. প্রাণরসের অস্বাভাবিকতার কারণ ও সৃষ্ট প্রধান শারীরিক সমস্যাসমূহ বর্ণনা করতে পারবে। ৯. স্ট্রোকের কারণ ও লক্ষণ বর্ণনা করতে পারবে। ১০. স্ট্রোকে তাৎক্ষণিক করণীয় ও প্রতিরোধের উপায় বর্ণনা করতে পারবে। ১১. স্নায়ুবিবক বৈকল্যজনিত শারীরিক সমস্যার লক্ষণ, কারণ ও প্রতিকার বর্ণনা করতে পারবে। ১২. সমন্বয় কার্যক্রমে তামাক ও মাদকদ্রব্যের প্রভাব বিশ্লেষণ করতে পারবে। <b>অনুসন্ধান</b> ১৩. হরমোন জনিত শারীরিক সমস্যা সৃষ্টির কারণ অনুসন্ধান করতে পারবে। <b>মনোপেশিজ</b> ১৪. পোস্টার/লিফলেট অঙ্কন করে তামাক ও মাদকদ্রব্যের ক্ষতিকর প্রভাব সম্পর্কে সচেতনতা সৃষ্টি করতে পারবে। <b>আবেগীয়</b> ১৫. স্নায়ুতন্ত্রে তামাক ও মাদকদ্রব্যের ক্ষতিকর প্রভাব সম্পর্কে সচেতন হবে।	<ul style="list-style-type: none"> <li>• উদ্ভিদে সমন্বয়               <ul style="list-style-type: none"> <li>○ বৃদ্ধি</li> <li>○ চলন</li> </ul> </li> <li>• প্রাণীর সমন্বয় প্রক্রিয়া               <ul style="list-style-type: none"> <li>○ স্নায়ুবিবক</li> <li>○ হরমোনাল</li> </ul> </li> <li>• স্নায়ুতন্ত্রের প্রধান অংশ এবং কাজ</li> <li>• সাধারণ নিউরনের গঠন ও কাজ</li> <li>• প্রতিবর্তী প্রতিক্রিয়া</li> <li>• আবেগ সঞ্চালন ( Impulse Transmission)</li> <li>• প্রাণরস (Hormone)</li> <li>• প্রাণরস জনিত অস্বাভাবিকতা               <ul style="list-style-type: none"> <li>○ থাইরয়েড সমস্যা</li> <li>○ বহুমূত্র (Diabetes) -ইনসুলিনের কার্যকারিতা</li> </ul> </li> <li>• স্ট্রোক               <ul style="list-style-type: none"> <li>○ কারণ ও লক্ষণ</li> <li>○ তাৎক্ষণিক করণীয়</li> <li>○ প্রতিরোধের উপায়</li> </ul> </li> <li>• স্নায়ুবিবক বৈকল্যজনিত শারীরিক সমস্যা               <ul style="list-style-type: none"> <li>○ প্যারালাইসিস</li> <li>○ ইপিলেপসি</li> <li>○ পারকিনসন</li> </ul> </li> <li>• সমন্বয় কার্যক্রমে তামাক ও মাদকদ্রব্যের প্রভাব</li> </ul>



একাদশ অধ্যায়: জীবে প্রজনন (১৫ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
<b>বুদ্ধিবৃত্তীয়</b> ১. জীবে প্রজননের ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। ২. প্রজনন অঙ্গ হিসাবে ফুলের কাজ বর্ণনা করতে পারবে। ৩. সপুষ্পক উদ্ভিদের জীবন চক্রের সাহায্যে উদ্ভিদের যৌন প্রজনন ব্যাখ্যা করতে পারবে। ৪. প্রাণীর অযৌন ও যৌন প্রজনন ব্যাখ্যা করতে পারবে। ৫. প্রজননের প্রকৃতি ব্যাখ্যা করতে পারবে। ৬. বহিঃ ও অন্তঃ নিষেকের পার্থক্য করতে পারবে। ৭. ব্লক চিত্রের সাহায্যে মানুষের প্রজননের ধাপসমূহ বর্ণনা করতে পারবে। ৮. প্রজনন কার্যক্রমে প্রাণরসের (hormone) ভূমিকা ব্যাখ্যা করতে পারবে। ৯. মানব ক্রমের বিকাশ ব্যাখ্যা করতে পারবে। ১০. মানব দেহে এইডস এর সংক্রমণের কারণ, প্রতিরোধ ও প্রতিকার ব্যাখ্যা করতে পারবে। ১১. দেহের প্রতিরোধ ব্যবস্থার উপর এইডস এর ক্রিয়া ব্যাখ্যা করতে পারবে। <b>মনোপেশিজ</b> ১২. এইডস প্রতিরোধে পোস্টার/লিফলেট অঙ্কন করে সচেতনতা সৃষ্টি করতে পারবে। <b>আবেগীয়</b> ১৩. এইডস রোগীদের প্রতি সহানুভূতিশীল আচরণ প্রদর্শন করবে।	<ul style="list-style-type: none"> <li>জীবের (উদ্ভিদ ও প্রাণী) প্রজনন-               <ul style="list-style-type: none"> <li>○ ধারণা</li> <li>○ গুরুত্ব</li> </ul> </li> <li>উদ্ভিদের প্রজনন অঙ্গ-ফুল</li> <li>সপুষ্পক উদ্ভিদের যৌন প্রজনন</li> <li>প্রাণীর অযৌন ও যৌন প্রজনন</li> <li>প্রজনন প্রকৃতি (Mode of reproduction)</li> <li>বহিঃ ও অন্তঃ নিষেক</li> <li>মানব প্রজনন</li> <li>মানব প্রজনন কার্যক্রমে প্রাণরসের(hormone) ভূমিকা</li> <li>মানব ক্রমের বিকাশ</li> <li>দেহে এইডস এর সংক্রমণ               <ul style="list-style-type: none"> <li>○ এইডস ও দেহের প্রতিরোধ ব্যবস্থা</li> </ul> </li> </ul>

দ্বাদশ অধ্যায়: জীবের বংশগতি ও বিবর্তন (১৪ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
<b>বুদ্ধিবৃত্তীয়</b> ১. বংশগতির ধারণা ব্যাখ্যা করতে পারবে। ২. বংশ পরম্পরায় চারিত্রিক বৈশিষ্ট্য বহনকারী উপাদানসমূহ সম্পর্কে বর্ণনা করতে পারবে। ৩. চারিত্রিক বৈশিষ্ট্য বংশপরম্পরায় স্থানান্তর (ৎবচয়রপধঃরডহ) ব্যাখ্যা করতে পারবে। ৪. ডিএনএ প্রতিকল্প ব্যাখ্যা করতে পারবে। ৫. বংশগতির তথ্য স্থানান্তরে ডিএনএ এর ভূমিকা ব্যাখ্যা করতে পারবে। ৬. ডিএনএ টেস্ট এর প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে। ৭. লিঙ্গ নির্ধারণে পুরুষের ভূমিকা ব্যাখ্যা করতে পারবে। ৮. জেনেটিক ডিসওর্ডারের কারণ ও ফলাফল বর্ণনা করতে পারবে। ৯. বিবর্তনের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ১০. বিবর্তনের প্রাকৃতিক নির্বাচন মতবাদ বর্ণনা করতে পারবে। ১১. প্রজাতির টিকে থাকায় বিবর্তনের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে। <b>অনুসন্ধান</b> ১২. মা-বাবার সাথে সাদৃশ্য ও বৈসাদৃশ্যমূলক বৈশিষ্ট্যসমূহ নির্ণয় করতে পারবে। <b>আবেগীয়</b> ১৩. আমাদের জীবনে ডিএনএ টেস্টের অবদানকে প্রশংসা করতে পারবে।	<ul style="list-style-type: none"> <li>বংশগতির ধারণা</li> <li>বংশ পরম্পরায় চারিত্রিক বৈশিষ্ট্য বহনকারী উপাদান               <ul style="list-style-type: none"> <li>○ ক্রোমোজোম</li> <li>○ ডিএনএ</li> <li>○ আরএনএ</li> <li>○ জিন</li> </ul> </li> <li>বংশগতির তথ্য স্থানান্তর এবং ডিএনএ প্রতিকল্প (replication)</li> <li>ডিএনএ টেস্ট এর প্রয়োজনীয়তা</li> <li>মানুষের লিঙ্গ নির্ধারণ</li> <li>জেনেটিক ডিসওর্ডার-               <ul style="list-style-type: none"> <li>○ বর্ণান্ধতা</li> <li>○ থ্যালাসেমিয়া</li> </ul> </li> <li>বিবর্তন               <ul style="list-style-type: none"> <li>○ জীবজগতের ভিন্নতা</li> <li>○ অত্যধিক প্রজননের প্রবণতা</li> <li>○ জীবের বাঁচার সংগ্রাম</li> <li>○ প্রকৃতিগত নির্বাচন</li> <li>○ যোগ্যতমের টিকে থাকা</li> </ul> </li> <li>প্রজাতির টিকে থাকায় বিবর্তনের গুরুত্ব</li> </ul>

ত্রয়োদশ অধ্যায়: জীবের পরিবেশ (১৫ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
<b>বুদ্ধিবৃত্তীয়</b> <ol style="list-style-type: none"> <li>১. বাস্তুতন্ত্র ব্যাখ্যা করতে পারবে।</li> <li>২. বাস্তুতন্ত্রের উপাদানসমূহের আন্তঃসম্পর্ক বিশ্লেষণ করতে পারবে।</li> <li>৩. খাদ্যশৃঙ্খল ও খাদ্যজাল ব্যাখ্যা করতে পারবে।</li> <li>৪. বাস্তুতন্ত্রে শক্তির প্রবাহ ও পুষ্টি উপাদানের সম্পর্ক তুলনা করতে পারবে।</li> <li>৫. ট্রফিক লেভেলের মধ্যে শক্তির সম্পর্ক তুলনা করতে পারবে।</li> <li>৬. শক্তি পিরামিডের ধারণা ব্যাখ্যা করতে পারবে।</li> <li>৭. খাদ্য শিকল সীমিত রাখতে শক্তি পিরামিডের প্রভাব ব্যাখ্যা করতে পারবে।</li> <li>৮. জীববৈচিত্র্য এবং জীব বৈচিত্র্যের প্রকারভেদ ব্যাখ্যা করতে পারবে।</li> <li>৯. বাস্তুতন্ত্রের স্থিতিশীলতা রক্ষায় জীববৈচিত্র্যের প্রভাব মূল্যায়ন করতে পারবে।</li> <li>১০. পরিবেশের ভারসাম্য রক্ষায় বিভিন্ন জীবের মধ্যে মিথস্ক্রিয়া ও আন্তঃনির্ভরশীলতা বিশ্লেষণ করতে পারবে।</li> <li>১১. পরিবেশ সংরক্ষণের পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে।</li> <li>১২. পরিবেশের ভারসাম্য রক্ষার পরিবেশ সংরক্ষণের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।</li> </ol> <b>অনুসন্ধান</b> <ol style="list-style-type: none"> <li>১৩. একটি নির্বাচিত এলাকার উৎপাদক, খাদক, বিয়োজক এবং ভৌত পরিবেশের মধ্যে পারস্পরিক সম্পর্ক নির্ণয় করতে পারবে।</li> <li>১৪. একটি নির্দিষ্ট পরিবেশের উপাদানসমূহ দূষিত হওয়ার কারণ নির্ণয় করতে পারবে।</li> </ol> <b>মনোপেশিজ</b> <ol style="list-style-type: none"> <li>১৫. বাস্তুতন্ত্রে শক্তির প্রবাহ, খাদ্য শিকল ও খাদ্য জালের প্রবাহচিত্র অঙ্কন করতে সক্ষম হবে।</li> </ol> <b>আবেগীয়</b> <ol style="list-style-type: none"> <li>১৬. পরিবেশের ভারসাম্য রক্ষায় বাস্তুতন্ত্রের উপাদানের অবদান উপলব্ধি করবে এবং এর সংরক্ষণে সচেতন হবে।</li> </ol>	<ul style="list-style-type: none"> <li>• বাস্তুতন্ত্র <ul style="list-style-type: none"> <li>○ ধারণা</li> <li>○ উপাদান এবং এদের সম্পর্ক</li> </ul> </li> <li>• খাদ্যশৃঙ্খল ও খাদ্যজাল</li> <li>• বাস্তুতন্ত্রে শক্তির প্রবাহ ও পুষ্টি উপাদানের সম্পর্ক</li> <li>• ট্রফিক লেভেল ও শক্তির সম্পর্ক</li> <li>• শক্তি পিরামিডের ধারণা এবং খাদ্য শিকল সীমিত করতে এর প্রভাব</li> <li>• জীববৈচিত্র্য এবং এর প্রকারভেদ</li> <li>• বাস্তুতন্ত্রের স্থিতিশীলতা রক্ষায় জীব বৈচিত্র্যের প্রভাব।</li> <li>• বিভিন্ন জীবের মধ্যে মিথস্ক্রিয়া, আন্তঃনির্ভরশীলতা ও পরিবেশের ভারসাম্যতা</li> <li>• পরিবেশ সংরক্ষণের পদ্ধতি ও গুরুত্ব</li> </ul>

চতুর্দশ অধ্যায় : জীব প্রযুক্তি ( ১২ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
<b>বুদ্ধিবৃত্তীয়</b> <ol style="list-style-type: none"> <li>১. জীবপ্রযুক্তির ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।</li> <li>২. টিস্যু কালচার ব্যাখ্যা করতে পারবে।</li> <li>৩. শস্য উৎপাদনে টিস্যু কালচারের ব্যবহার বর্ণনা করতে পারবে।</li> <li>৪. জেনেটিক ইঞ্জিনিয়ারিং এর উদ্দেশ্য ব্যাখ্যা করতে পারবে।</li> <li>৫. শস্য উৎপাদনে জেনেটিক ইঞ্জিনিয়ারিং এর ব্যবহার বর্ণনা করতে পারবে।</li> <li>৬. পশুর রোগ নিরাময়ে জেনেটিক ইঞ্জিনিয়ারিং এর ব্যবহার বর্ণনা করতে পারবে।</li> <li>৭. ইনসুলিন এবং হরমোন উৎপাদনে জেনেটিক ইঞ্জিনিয়ারিং এর ব্যবহার বর্ণনা করতে পারবে।</li> <li>৮. জীবপ্রযুক্তির উপযোগিতা মূল্যায়ন করতে পারবে।</li> </ol> <b>মনোপেশিজ</b> <ol style="list-style-type: none"> <li>৯. জীবপ্রযুক্তি ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং এর ব্যবহার বিষয়ে পোস্টার অঙ্কন করতে পারবে।</li> </ol> <b>আবেগীয়</b> <ol style="list-style-type: none"> <li>১০. আমাদের প্রতিদিনের জীবনে জীবপ্রযুক্তির অবদান উপলব্ধি করতে পারবে।</li> </ol>	<ul style="list-style-type: none"> <li>• জীবপ্রযুক্তি (Biogenetics) <ul style="list-style-type: none"> <li>○ ধারণা ও গুরুত্ব</li> </ul> </li> <li>• টিস্যু কালচার এবং এর ব্যবহার</li> <li>• জেনেটিক ইঞ্জিনিয়ারিং <ul style="list-style-type: none"> <li>○ উদ্দেশ্য</li> </ul> </li> <li>• জেনেটিক ইঞ্জিনিয়ারিং এর ব্যবহার <ul style="list-style-type: none"> <li>○ শস্য উন্নয়নে</li> <li>○ গৃহপালিত পশুর রোগ নিরাময়ে</li> <li>○ ইনসুলিন ও হরমোন উৎপাদনে</li> </ul> </li> </ul>

পরিশিষ্ট: 'গ'

## শিখনফল ম্যাপ

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড-----/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড







এসএসসি/দাখিল পরীক্ষা ২০২.....

বিষয়: জীববিজ্ঞান

বিষয় কোড: ১৩৮

[illegible]

**বহুনির্বাচনি প্রশ্নের দক্ষতা স্তর নির্ণয়**  
**বিষয়: জীববিজ্ঞান** **বিষয় কোড: ১৩৮**

<p>১. উদ্ভিদের স্বাভাবিক বৃদ্ধির জন্য প্রয়োজনীয় মাইক্রোউপাদান কোনটি?</p> <p>ক. বোরন খ. সালফার গ. ক্যালসিয়াম ঘ. ম্যাগনেসিয়াম</p> <p>২. কোন অস্থিসন্ধিটি ঈষৎ সচল?</p> <p>ক. আন্তঃকশেরুকীয় অস্থিসন্ধি খ. করোটিকার অস্থিসন্ধি গ. মেরুদণ্ডের অস্থিসন্ধি ঘ. কজি অস্থিসন্ধি</p> <p>৩. কোন টিস্যু মিষ্টি কুমড়া গাছের কাণ্ডে দৃঢ়তা প্রদান করে?</p> <p>ক. ট্র্যাকিড খ. ভেসেল গ. স্ক্লেরেনকাইমা ঘ. কোলেনকাইমা</p> <p>৪. রক্তে শতকরা কতভাগ রক্তরস ?</p> <p>ক. ৪৫% খ. ৫০% গ. ৫৫% ঘ. ৭০%</p> <p>নিচের উদ্ভিদপত্রের আলোকে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:</p> <div style="display: flex; justify-content: space-around; align-items: center;">   </div> <div style="display: flex; justify-content: space-around; align-items: center;"> <p><b>A</b></p> <p><b>B</b></p> </div> <p>৫. B উদ্ভিদে-</p> <p>i. সালোকসংশ্লেষণের হার বেশি ii. প্রথম স্থায়ী পদার্থ ফসফোগ্লিসারিক এসিড iii. ক্যালভিন চক্র পরিচালিত হয়</p> <p>নিচের কোনটি সঠিক ?</p> <p>ক. i খ. ii গ. ii ও iii ঘ. i, ii ও iii</p>	<p>৬. সূর্যালোকের প্রত্যক্ষ উপস্থিতিতে A ও B উভয় উদ্ভিদের ক্ষেত্রেই-</p> <p>ক. CO<sub>2</sub> বিজারিত হয় খ. H<sub>2</sub>O জারিত হয় গ. কার্বোহাইড্রেট উৎপন্ন হয় ঘ. প্রথম স্থায়ী পদার্থ অক্সালো এসিটিক এসিড</p> <p>৭. 'বর্ষাকালে কাঠের দরজা আটকাতে কষ্ট হয়'-এর সাথে কোন প্রক্রিয়াটি সম্পর্কিত ?</p> <p>ক. ইমবাইবিশন খ. অভিস্রবণ গ. প্রস্বেদন ঘ. ব্যাপন</p> <p>৮. নাইট্রোজেনের অভাবে -</p> <p>i. নিউক্লিক এসিড উৎপাদন ব্যাহত হয় ii. কোষকলায় পানির পরিমাণ কমে যায় iii. সালোকসংশ্লেষণের হার হ্রাস পায়</p> <p>নিচের কোনটি সঠিক ?</p> <p>ক. i খ. ii গ. ii ও iii ঘ. i, ii ও iii</p> <p>৯. কোনটি বহুগুচ্ছ পুংকেশর ?</p> <p>ক. </p> <p>খ. </p> <p>গ. </p> <p>ঘ. </p>
---	--

১০. মাইটোসিস কোষবিভাজনের কোন ধাপে ক্রোমোজোম 'L' আকৃতি ধারণ করে?

- ক. অ্যানাফেজ
- খ. টেলোফেজ
- গ. মেটাফেজ
- ঘ. প্রোফেজ

১১. কোনটি ধাঙড়?


- ক. বাঘ
- খ. সাপ
- গ. সিংহ
- ঘ. হায়েনা

১২. ফুসফুস কোন পর্দা দ্বারা আবৃত?

- ক. পুরা
- খ. মেনিনজেস
- গ. পেরিটোনিয়াম
- ঘ. পেরিকড্রিয়াম

১৩. কোনটি থেকে হেপাটাইটিস-বি ভাইরাসের টিকা তৈরি হয়?

- ক. ইস্ট
- খ. মাশরুম
- গ. পেনিসিলিয়াম
- ঘ. সিউডোমোনা




১৪. কোন অঙ্গাণুর জন্য চিত্রের কোষটি উদ্ভিদকোষ থেকে আলাদা?

- ক. A
- খ. B
- গ. C
- ঘ. D

১৫. কোন খাদ্য গ্রহণের ফলে মূত্রের অম্লতা বৃদ্ধি পায়?

- ক. মাছ, সবজি
- খ. ডিম, ডাল
- গ. ফল, মাংস
- ঘ. ডাল, সবজি

উদ্দীপকের আলোকে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:



১৬. N এর X অংশে কোন পিউরিন-পাইরিমিডিন বন্ধন দেখা যাবে?

- ক.  $A \equiv C$
- খ.  $C \equiv G$
- গ.  $A = T$
- ঘ.  $G = C$

১৭. চিত্র M ও N উভয়ের গঠনে অংশ নেয়-

- i. এডিনি এবং গুয়ানিন নামক পিউরিন
- ii. থায়ামিন ও সাইটোসিন নামক পাইরিমিডিন
- iii. 5 কার্বন বিশিষ্ট শর্করা

নিচের কোনটি সঠিক?


- ক. i
- খ. i ও ii
- গ. i ও iii
- ঘ. i, ii ও iii

১৮. উদ্ভিদের কোন অংশে ফ্লোরিজেন উৎপন্ন হয়?

- ক. পাতা
- খ. কাণ্ড
- গ. মূল
- ঘ. ফুল

১৯. পাটের বৈজ্ঞানিক নাম কোনটি?

- ক. *Corchorus capsularis*
- খ. *Hibiscus rosa-sinensis*
- গ. *Artocarpus heterophyllus*
- ঘ. *Nymphaea nouchali*



উদ্দীপকের আলোকে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:

২০. নারীগর্ভে A সৃষ্টির ৩৮ সপ্তাহ পর -

- ক. ফিটাস পূর্ণঙ্গতা প্রাপ্ত হয়
- খ. ফিটাসের মাথা নিচের দিকে ঘুরে যায়
- গ. অমরা থেকে হরমোন নিঃসরণ শুরু হয়
- ঘ. নির্দিষ্ট ব্যবধানে জরায়ু সংকুচিত হয়

২১. উদ্ভিদ ও প্রাণী উভয় ক্ষেত্রে—
- A থেকে প্রথমে দু'টি কোষ তৈরি হয়
  - B এর গঠন একই রকম
  - হরমোন ভূমিকা রাখে

নিচের কোনটি সঠিক ?

- i ও ii
- i ও iii
- ii ও iii
- i, ii ও iii

২২. বৃক্কের অবতল অংশের ভাঁজকে কী বলে ?


- মেডুলা
- ক্যাপসুল
- পেলভিস
- হাইলাস

২৩. পত্ররন্ধ্র ও লেন্টিসেল উভয়ই—

- গ্যাসীয় পদার্থ বিনিময় করে
- সালোকসংশ্লেষণ নিয়ন্ত্রণ করে
- পানি ও খনিজ লবণ শোষণে সাহায্য করে

নিচের কোনটি সঠিক ?

- i ও ii
- i ও iii
- ii ও iii
- i, ii ও iii



উদ্ভিদের আলোকে ২৪ নং প্রশ্নের উত্তর দাও:


২৪. চিত্রের জীব দু'টির মধ্যে কোন ধরনের সম্পর্ক বিদ্যমান ?

- শোষণ
- প্রতিযোগিতা
- মিউচুয়ালিজম
- কমেনসেলিজম

২৫. কোনটির কোষপ্রাচীর কাইটিন নির্মিত?

- নসটক
- ব্যাকটেরিয়া
- ডায়াটম
- মাশরুম

**বহুনির্বাচনি প্রশ্নের প্রকারভেদের উদাহরণ**  
**বিষয়: জীববিজ্ঞান**                      **বিষয় কোড: ১৩৮**

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন	
১. কোনটি থেকে হেপাটাইটিস-বি ভাইরাসের টিকা তৈরি হয়?	<p>ক. ইস্ট</p> <p>খ. মাশরুম</p> <p>গ. পেনিসিলিয়াম</p> <p>ঘ. সিউডোমোনাস</p>
বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন	
২. পত্ররন্ধ্র ও লেন্টিসেল উভয়ই-	<p>i গ্যাসীয় পদার্থ বিনিময় করে</p> <p>ii সালোকসংশ্লেষণ নিয়ন্ত্রণ করে</p> <p>iii পানি ও খনিজ লবণ শোষণে সাহায্য করে</p> <p>নিচের কোনটিসঠিক ?</p> <p>ক. i ও ii</p> <p>খ. i ও iii</p> <p>গ. ii ও iii</p> <p>ঘ. i, ii ও iii</p>
অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন	
<p>নিচের উদ্ভীপকের আলোকে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:</p> 	
৩. নারীগর্ভে A সৃষ্টির ৩৮ সপ্তাহ পর -	<p>ক. ফিটাস পূর্ণঙ্গতা প্রাপ্ত হয়</p> <p>খ. ফিটাসের মাথা নিচের দিকে ঘুরে যায়</p> <p>গ. অমরা থেকে হরমোন নিঃসরণ শুরু হয়</p> <p>ঘ. নির্দিষ্ট ব্যবধানে জরায়ু সংকুচিত হয়</p>
৪. উদ্ভিদ ও প্রাণী উভয় ক্ষেত্রে-	<p>i A থেকে প্রথমে দু'টি কোষ তৈরি হয়</p> <p>ii B এর গঠন একই রকম</p> <p>iii হরমোন ভূমিকা রাখে</p> <p>নিচের কোনটিসঠিক ?</p> <p>ক. i ও ii</p> <p>খ. i ও iii</p> <p>গ. ii ও iii</p> <p>ঘ. i, ii ও iii</p>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং-শিম/শাঃ১১/বিবিধ-৬(সেসিপ)/২০০৪(অংশ-১)/১১৪৮


তারিখ : ০৮ অগ্রহায়ণ ১৪১৬  
২২ নভেম্বর ২০০৯

পরিপত্র

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ের বার্ষিক পরীক্ষায় সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে দেশের ধর্মীয় ও জাতীয় রাজনৈতিক নেতৃবৃন্দের নাম উদ্দীপকে (Stem) ব্যবহার করা হচ্ছে, এতে বিবর্তকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে এবং জনমনে বিরূপ প্রতিক্রিয়া পরিলক্ষিত হচ্ছে। এ ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি রোধকল্পে সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা যাচ্ছে :

- (ক) পাঠ্যপুস্তকে রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের নাম না থাকলে প্রশ্নে উদ্দীপক হিসেবে রাজনৈতিক, ধর্মীয়, সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নাম ব্যবহার করা যাবে না।
- (খ) বাংলাদেশের সার্বভৌমত্ব, সরকার, কোন জনগোষ্ঠী, আদিবাসী এবং অঞ্চলকে নেতিবাচকভাবে উপস্থাপন করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (গ) বাংলাদেশের ধর্ম, বর্ণ, গোত্র, গোষ্ঠী, ভাষা, সংস্কৃতি, ঐতিহ্য এবং জাতীয় অনুষ্ঠানকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (ঘ) রাষ্ট্র বা জাতিকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (ঙ) সংবিধান পরিপন্থী ও রাষ্ট্র বিরোধী কোন বিষয় ব্যবহার করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।
- (ছ) ধর্ম, তীর্থস্থান, ধর্মীয় স্থাপনা, রাষ্ট্রীয় স্থাপনা, ঐতিহাসিক স্থান ইত্যাদিকে অসম্মান করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।
- (জ) কোন অশোভনীয় বা আপত্তিকর ছবি উদ্দীপক হিসেবে ব্যবহার করা যাবে না।
- (ঝ) সরকার এবং সমাজ কর্তৃক অননুমোদিত বা অগ্রহণযোগ্য বিষয়সমূহ (যেমনঃ বাল্য বিবাহ, যৌতুক ইত্যাদি) ইতিবাচক অর্থে ব্যবহার করা যাবে না।

২। এই পরিপত্রের মর্মানুযায়ী বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের নির্দেশনা দেয়া যাচ্ছে। এ পরিপত্রের পরিপন্থী কোন প্রশ্ন প্রণয়ন করা হলে প্রধান শিক্ষক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
(খন্দকার রাব্বির রহমান)  
যুগ্ম-সচিব(মাধ্যমিক)  
শিক্ষা মন্ত্রণালয়।

বিতরণ :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল), কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
- ৪। প্রকল্প পরিচালক, সেকেন্ডারী এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক (সকল)।
- ৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
- ৭। জেলা শিক্ষা অফিসার (সকল) [ জেলার সকল বিদ্যালয়, মাদ্রাসার সকল প্রধান শিক্ষক/সুপারিটেন্ডেন্ট/অধ্যক্ষকে অবহিত করার অনুরোধসহ]



ত্রুটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্ন

বিষয়: জীববিজ্ঞান

বিষয় কোড: ১৩৮

<p>১. সংক্রামক রোগ যক্ষার জীবাণুর নাম কী?</p> <p>ক. <i>Bacillus</i></p> <p>খ. <i>Entamoeba</i></p> <p>গ. <i>Mycobacterium</i></p> <p>ঘ. <i>Pseudomonas</i></p> <p>২. কোষের খাদ্য উৎপাদনকারী অঙ্গাণু কোনটি?</p> <p>ক. নিউক্লিয়াস</p> <p>খ. ক্লোরোপ্লাস্ট</p> <p>গ. মাইটোকন্ড্রিয়া</p> <p>ঘ. প্লাস্টিড</p> <p>৩. কোষের গুরুত্বপূর্ণ অঙ্গানু কোনটি?</p> <p>ক. মাইটোকন্ড্রিয়া</p> <p>খ. ক্লোরোপ্লাস্ট</p> <p>গ. নিউক্লিয়াস</p> <p>ঘ. লাইসোজোম</p> <p>৪. অক্সিজেনের কাজ কোনটি?</p> <p>ক. শাখা কলমে মূল গজাতে সাহায্য করা</p> <p>খ. ফলের অকাল বারিপড়া রোধ করা</p> <p>গ. শ্বসনক্রিয়ার হার বৃদ্ধি করা</p> <p>ঘ. উপরের সবগুলো সঠিক</p> <p>৫. দৃঢ়, অস্থিতিস্থাপক, ভঙ্গুর স্কেলেটাল টিস্যুসমূহ কী দ্বারা পরস্পরের সাথে সংযুক্ত থাকে?</p> <p>ক. ফাইব্রোব্লাস্ট</p> <p>খ. লিগামেন্ট</p> <p>গ. টেনডন</p> <p>ঘ. ল্যাকিউনি</p> <p>৬. কোন খাদ্য গ্রহণে মূত্রের অম্লত্ব বৃদ্ধি পায় না?</p> <p>ক. মাংস</p> <p>খ. ডিম</p> <p>গ. শিমের বীচি</p> <p>ঘ. বাঁধাকপি</p> <p>৭. পতঙ্গপরাগী ফুল-</p> <p>i. আকারে বড়</p> <p>ii. আকারে ছোট</p> <p>iii. মধুগ্রস্থিযুক্ত</p> <p>নিচের কোনটি সঠিক?</p> <p>ক. i ও ii</p> <p>খ. i ও iii</p> <p>গ. ii ও iii</p> <p>ঘ. i, ii ও iii</p>	<p>৮. আদিকোষী ব্যাকটেরিয়া কোন রাজ্যের অন্তর্ভুক্ত?</p> <p>ক. প্লানটি</p> <p>খ. প্রোটিস্টা</p> <p>গ. মনেরা</p> <p>ঘ. ফানজাই</p> <p>৯. বৃক্ষ ধীরে ধীরে বিকল হতে পারে-</p> <p>ক. ডায়াবেটিসের কারণে</p> <p>খ. ক্রিয়েটিনিনের কারণে</p> <p>গ. ডায়রিয়ার কারণে</p> <p>ঘ. অতিরিক্ত রক্তক্ষরণের কারণে</p> <p>১০. গ্যাস্ট্রিক আলসার হলে রোগীর কী সমস্যা হয়?</p> <p>ক. নাভির চারদিক ব্যথা অনুভূত</p> <p>খ. বমি ও মল, সাথে রক্ত</p> <p>গ. মুখ ও জিহ্বা শুকনো হয়</p> <p>ঘ. দেহের চামড়া কুঁচানো হয়</p> <p>১১. সুন্দরবনের পার্শ্ববর্তী এলাকায় হঠাৎ একটি বাঘ ঢুকে মানুষ ও অন্যান্য প্রাণীর ওপর আক্রমণ করায় গ্রামবাসী সকলে মিলে বাঘটিকে পিটিয়ে মেরে ফেলে।</p> <p>গ্রামবাসীর কর্মকাণ্ডে-</p> <p>i. জীববৈচিত্র্য বিনষ্ট হয়</p> <p>ii. জীবের কল্যাণ ও অস্তিত্ব রক্ষা পায়</p> <p>iii. পরিবেশের ভারসাম্য রক্ষিত হয়</p> <p>নিচের কোনটি সঠিক?</p> <p>ক. i</p> <p>খ. ii</p> <p>গ. i ও ii</p> <p>ঘ. ii ও iii</p> <p>১২. স্নায়ুকোষ বিভাজিত হয় না, কারণ-</p> <p>ক. এটি অপ্রকৃত কোষ</p> <p>খ. এতে প্রলম্বিত অংশ থাকে</p> <p>গ. এতে সেন্ট্রিওল অনুপস্থিত</p> <p>ঘ. এর নিউক্লিয়াস ছোট</p> <p>১৩. পিটুইটারি গ্রন্থি-</p> <p>ক. কঠিন মানসিক চাপ থেকে পরিত্রাণ করে</p> <p>খ. মস্তিষ্কের ওপরের অংশে অবস্থান</p> <p>গ. ক্যালসিয়াম বিপাক নিয়ন্ত্রণে ভূমিকা রাখে</p> <p>ঘ. থাইরয়েড উদ্দীপক হরমোন নিঃসরণ করে</p>
---	---

<p>১৪. দেহের ভারসাম্য রক্ষা করে কোনটি?</p> <p>ক. সুম্নাকান্ড</p> <p>খ. অগ্রমস্তিষ্ক</p> <p>গ. মধ্যমস্তিষ্ক</p> <p>ঘ. রক্ত</p> <p>১৫. কোনটি শ্বসনতন্ত্রের অংশ?</p> <p>ক. মেডুলা</p> <p>খ. কর্টেক্স</p> <p>গ. পন্স</p> <p>ঘ. উপরের কোনটিই সঠিক নয়</p>	<p>১৬. থ্যালাসেমিয়া সম্পর্কিত কোন উক্তিটি সঠিক?</p> <p>ক. এটি রক্তের লোহিত রক্তকণিকার এক অস্বাভাবিক অবস্থাজনিত রোগের নাম</p> <p>খ. শ্বেতকণিকার অস্বাভাবিক বৃদ্ধিজনিত রোগ</p> <p>গ. হরমোন কম নিঃসৃত হওয়ার কারণে হয়</p> <p>ঘ. থ্রম্বোপ্লাস্টিন নামক উপাদানের প্রভাবে হয়</p> <p>১৭. মানুষের দেহকোষে ক্রোমোজোম সংখ্যা কতটি?</p> <p>ক. ৪৪</p> <p>খ. ৪৬</p> <p>গ. ২২</p> <p>ঘ. ২৩</p>
--	---

**বহুনির্বাচনি প্রশ্নের ত্রুটিযুক্ত ও শুদ্ধরূপ**  
**বিষয়: জীববিজ্ঞান** **বিষয় কোড: ১৩৮**

ত্রুটিযুক্ত রূপ	ত্রুটিমুক্ত রূপ
<b>উদ্দীপকে উদ্দীপনা সৃষ্টিতে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করতে হবে।</b>	
১. কোষের গুরুত্বপূর্ণ অঙ্গানু কোনটি? ক. মাইটোকন্ড্রিয়া খ. ক্লোরোপ্লাস্ট গ. নিউক্লিয়াস ঘ. লাইসোজোম	১. কোষের সর্বাধিক গুরুত্বপূর্ণ অঙ্গানু কোনটি? ক. মাইটোকন্ড্রিয়া খ. ক্লোরোপ্লাস্ট গ. নিউক্লিয়াস ঘ. লাইসোজোম
<b>উদ্দীপক সহজ ভাষায় এবং সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করতে হবে।</b>	
২. দৃঢ়, অস্থিতিস্থাপক, ভগ্নুর স্কেলেটাল টিস্যুসমূহ কী দ্বারা পরস্পরের সাথে সংযুক্ত থাকে? ক. ফাইব্রোস্ট খ. লিগামেন্ট গ. টেনডন ঘ. ল্যাকিউনি	২. অস্থিসমূহ কী দ্বারা পরস্পরের সাথে সংযুক্ত থাকে? ক. ফাইব্রোস্ট খ. লিগামেন্ট গ. টেনডন ঘ. ল্যাকিউনি
<b>উদ্দীপক অপ্রাসঙ্গিক উপাদানমুক্ত হবে।</b>	
৩. সংক্রামক রোগ যক্ষার জীবাণুর নাম কী? ক. <i>Bacillus</i> খ. <i>Entamoeba</i> গ. <i>Mycobacterium</i> ঘ. <i>Pseudomonas</i>	৩. যক্ষার জীবাণুর নাম কী? ক. <i>Bacillus</i> খ. <i>Entamoeba</i> গ. <i>Mycobacterium</i> ঘ. <i>Pseudomonas</i>
<b>উদ্দীপকে প্রয়োজনীয় শব্দ অন্তর্ভুক্ত করতে হবে যাতে বিকল্প উত্তরগুচ্ছে কোন শব্দের পুনরাবৃত্তি না থাকে।</b>	
৪. বৃক্ষ ধীরে ধীরে বিকল হতে পারে- ক. ডায়াবেটিসের কারণে খ. ক্রিয়েটিনিনের কারণে গ. ডায়রিয়ার কারণে ঘ. অতিরিক্ত রক্তক্ষরণের কারণে	৪. বৃক্ষ ধীরে ধীরে বিকল হওয়ার কারণ কী? ক. ডায়াবেটিস খ. ক্রিয়েটিনিন গ. ডায়রিয়া ঘ. অতিরিক্ত রক্তক্ষরণ
<b>উদ্দীপক যথাসম্ভব হ্যাঁ বোধক হতে হবে। না- বোধক শব্দ ব্যবহার অনিবার্য হলে তা পরীক্ষার্থীদের দৃষ্টিগ্রাহ্য করে তুলতে হবে।</b>	
৫. কোন খাদ্য গ্রহণে মূত্রের অম্লত্ব বৃদ্ধি পায় না? ক. মাংস খ. ডিম গ. শিমের বীচি ঘ. বাঁধাকপি	৫. কোন খাদ্য গ্রহণে মূত্রের ক্ষারত্ব বৃদ্ধি পায়? ক. মাংস খ. ডিম গ. শিমের বীচি ঘ. বাঁধাকপি
<b>উদ্দীপক যথাসম্ভব হ্যাঁ বোধক হতে হবে। না- বোধক শব্দ ব্যবহার অনিবার্য হলে তা পরীক্ষার্থীদের দৃষ্টিগ্রাহ্য করে তুলতে হবে।</b>	
৬. স্নায়ুকোষ বিভাজিত হয় না, কারণ- ক. এটি অপ্রকৃত কোষ খ. এতে প্রলম্বিত অংশ থাকে গ. এতে সেন্ট্রিওল অনুপস্থিত ঘ. এর নিউক্লিয়াস ছোট	৬. স্নায়ুকোষ বিভাজিত হয় না, কারণ- ক. এটি অপ্রকৃত কোষ খ. এতে প্রলম্বিত অংশ থাকে গ. এতে সেন্ট্রিওল অনুপস্থিত ঘ. এর নিউক্লিয়াস ছোট

উদ্দীপকে এমন কোন ইংগিত থাকবে না যাতে পরীক্ষার্থী সঠিক উত্তর বাছাই করে নিতে এবং ভুল উত্তর বাদ দিতে পারে।	
৭. আদিকোষী ব্যাকটেরিয়া কোন রাজ্যের অন্তর্ভুক্ত? ক. প্রানটি খ. প্রোটিস্টা গ. মনেরা ঘ. ফানজাই	১৫. ব্যাকটেরিয়া কোন রাজ্যের অন্তর্ভুক্ত? ক. প্রানটি খ. প্রোটিস্টা গ. মনেরা ঘ. ফানজাই

নেতিবাচক ধারণা সৃষ্টি হয় এমন উদ্দীপক পরিহার করতে হবে।	
৮. সুন্দরবনের পার্শ্ববর্তী এলাকায় হঠাৎ একটি বাঘ ঢুকে মানুষ ও অন্যান্য প্রাণীর ওপর আক্রমণ করায় গ্রামবাসী সকলে মিলে বাঘটিকে পিটিয়ে মেরে ফেলে।  গ্রামবাসীর কর্মকাণ্ডে- i. জীববৈচিত্র্য বিনষ্ট হয় ii. জীবের কল্যাণ ও অস্তিত্ব রক্ষা পায় iii. পরিবেশের ভারসাম্য রক্ষিত হয় নিচের কোনটি সঠিক? ক. i খ. ii গ. i ও ii ঘ. ii ও iii	৮. সুন্দরবনের পার্শ্ববর্তী এলাকায় হঠাৎ একটি বাঘ ঢুকে মানুষ ও অন্যান্য প্রাণীর ওপর আক্রমণ করায় গ্রামবাসী আঙনের মশাল জ্বালিয়ে বাঘটিকে বনের দিকে তাড়িয়ে দেয়।  গ্রামবাসীর কর্মকাণ্ডে- i. জীববৈচিত্র্য রক্ষিত হয় ii. জীবের কল্যাণ ও অস্তিত্ব রক্ষা পায় iii. পরিবেশের ভারসাম্য রক্ষিত হয় নিচের কোনটি সঠিক? ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

বিকল্প উত্তরগুচ্ছ বিষয়বস্তু ও ব্যকরণগত গঠনের দিক থেকে উদ্দীপকের সঙ্গে সংগতিপূর্ণ হবে।	
৯. গ্যাস্ট্রিক আলসার হলে রোগীর কী সমস্যা হয়? ক. নাভির চারদিক ব্যথা অনুভূত খ. বমি ও মল,সাথে রক্ত গ. মুখ ও জিহ্বা শুকনো হয় ঘ. দেহের চামড়া কুঁচানো হয়	৯. গ্যাস্ট্রিক আলসার হলে রোগীর কী সমস্যা হয়? ক. নাভির চারদিকে ব্যথা হয় খ. বমি ও মলের সাথে রক্ত নির্গত হয় গ. মুখ ও জিহ্বা শুকিয়ে যায় ঘ. দেহের চামড়া কুঁচকে যায়

বিকল্প উত্তরগুচ্ছ উদ্দীপকের অসম্পূর্ণ বাক্যকে অর্থপূর্ণ করে তুলবে।	
১০. পিটুইটারি গ্রন্থি- ক. কঠিন মানসিক চাপ থেকে পরিত্রাণ করে খ. মস্তিষ্কের ওপরের অংশে অবস্থান গ. ক্যালসিয়াম বিপাক নিয়ন্ত্রণে ভূমিকা রাখে ঘ. থাইরয়েড উদ্দীপক হরমোন নিঃসরণ করে	১০. পিটুইটারি গ্রন্থি- ক. কঠিন মানসিক চাপ থেকে পরিত্রাণ করে খ. মস্তিষ্কের ওপরের অংশে অবস্থান করে গ. ক্যালসিয়াম বিপাক নিয়ন্ত্রণে ভূমিকা রাখে ঘ. থাইরয়েড উদ্দীপক হরমোন নিঃসরণ করে

পরীক্ষার্থী কর্তৃক (কমপক্ষে ৫%) বিকল্প উত্তরসমূহ নির্বাচিত হওয়ার সম্ভাবনা থাকতে হবে।	
১১. দেহের ভারসাম্য রক্ষা করে কোনটি? ক. সুম্নকান্ড খ. অগ্রমস্তিষ্ক গ. মধ্যমস্তিষ্ক ঘ. রক্ত	১১. দেহের ভারসাম্য রক্ষা করে কোনটি? ক. সুম্নকান্ড খ. অগ্রমস্তিষ্ক গ. মধ্যমস্তিষ্ক ঘ. পশ্চাৎমস্তিষ্ক

বিকল্প উত্তরগুচ্ছ সংখ্যাচাক হলে ক্রমানুযায়ী বিন্যাস করতে হবে।	
১২. মানুষের দেহকোষে ক্রোমোজোম সংখ্যা কতটি? ক. ৪৪ খ. ৪৬ গ. ২২ ঘ. ২৩	১২. মানুষের দেহকোষে ক্রোমোজোম সংখ্যা কতটি? ক. ২২ খ. ২৩ গ. ৪৪ ঘ. ৪৬

বিকল্প উত্তরগুচ্ছ দৈর্ঘ্য প্রায় সমান হতে হবে।	
<p>১৩. থ্যালাসেমিয়া সম্পর্কিত কোন উক্তিটি সঠিক?</p> <p>ক. এটি রক্তের লোহিত রক্তকণিকার এক অস্বাভাবিক অবস্থাজনিত রোগের নাম</p> <p>খ. শ্বেতকনিকার অস্বাভাবিক বৃদ্ধিজনিত রোগ</p> <p>গ. হরমোন কম নিঃসৃত হওয়ার কারণে হয়</p> <p>ঘ. থ্রম্বোপ্লাস্টিন নামক উপাদানের প্রভাবে হয়</p>	<p>১৩. থ্যালাসেমিয়া সম্পর্কিত কোন উক্তিটি সঠিক?</p> <p>ক. লোহিত কণিকার অস্বাভাবিকতাজনিত রোগ</p> <p>খ. শ্বেতকনিকার অস্বাভাবিক বৃদ্ধিজনিত রোগ</p> <p>গ. হরমোন কম নিঃসৃত হওয়ার কারণে হয়</p> <p>ঘ. থ্রম্বোপ্লাস্টিন নামক উপাদানের প্রভাবে হয়</p>

বিকল্প উত্তরসমূহের Mutually Inclusive পরিহার করতে হবে।	
<p>১৪. কোষের খাদ্য উৎপাদনকারী অঙ্গাণু কোনটি?</p> <p>ক. নিউক্লিয়াস</p> <p>খ. ক্লোরোপ্লাস্ট</p> <p>গ. মাইটোকন্ড্রিয়া</p> <p>ঘ. প্লাস্টিড</p>	<p>১৪. কোষে খাদ্য উৎপাদনকারী অঙ্গাণু কোনটি?</p> <p>ক. নিউক্লিয়াস</p> <p>খ. ক্লোরোপ্লাস্ট</p> <p>গ. মাইটোকন্ড্রিয়া</p> <p>ঘ. রাইবোজোম</p>

বিকল্প উত্তরসমূহের Mutually Exclusive পরিহার করতে হবে।	
<p>১৫. পতঙ্গপরাগী ফুল-</p> <p>i. আকারে বড়</p> <p>ii. আকারে ছোট</p> <p>iii. মধুগ্রস্থিযুক্ত</p> <p>নিচের কোনটি সঠিক?</p> <p>ক. i ও ii</p> <p>খ. i ও iii</p> <p>গ. ii ও iii</p> <p>ঘ. i, ii ও iii</p>	<p>১৫. পতঙ্গপরাগী ফুল-</p> <p>i. আকারে বড়</p> <p>ii. সুগন্ধযুক্ত ও রঙিন</p> <p>iii. মধুগ্রস্থিযুক্ত</p> <p>নিচের কোনটি সঠিক?</p> <p>ক. i ও ii</p> <p>খ. i ও iii</p> <p>গ. ii ও iii</p> <p>ঘ. i, ii ও iii</p>

বিকল্প উত্তরে 'উপরের সবগুলো সঠিক'-এমন বাক্য পরিহার করতে হবে।	
<p>১৬. অক্সিজেনের কাজ কোনটি?</p> <p>ক. শাখা কলমে মূল গজাতে সাহায্য করা</p> <p>খ. ফলের অকাল ঝরেপড়া রোধ করা</p> <p>গ. শ্বসনক্রিয়ার হার বৃদ্ধি করা</p> <p>ঘ. উপরের সবগুলো সঠিক</p>	<p>১৬. অক্সিজেনের কাজ কোনটি?</p> <p>ক. ফল পাকাতে সাহায্য করা</p> <p>খ. বীজের সুপ্তাবস্থার দৈর্ঘ্য কমানো</p> <p>গ. শ্বসনক্রিয়ার হার বৃদ্ধি করা</p> <p>ঘ. উদ্ভিদের বার্ষিক্য বিলম্বিত করা</p>

বিকল্প উত্তরে 'উপরের কোনটিই সঠিক নয়'-এমন বাক্য পরিহার করতে হবে।	
<p>১৭. কোনটি শ্বসনতন্ত্রের অংশ?</p> <p>ক. মেডুলা</p> <p>খ. কটেক্স</p> <p>গ. পন্স</p> <p>ঘ. উপরের কোনটিই সঠিক নয়</p>	<p>১৭. কোনটি শ্বসনতন্ত্রের অংশ?</p> <p>ক. মেডুলা</p> <p>খ. কটেক্স</p> <p>গ. পন্স</p> <p>ঘ. মধ্যচ্ছদা</p>

পরিশিষ্ট: 'বা'

বহুনির্বাচনি প্রশ্নের নির্দেশক ছক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড -----/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড  
এসএসসি/দাখিল ২০২... খ্রিস্টাব্দ  
বিষয়: জীববিজ্ঞান      বিষয় কোড: ১৩৮

চিহ্নিত দক্ষতার স্তর	অধ্যায়														মোট প্রশ্ন সংখ্যা	%
	১ম	২য়	৩য়	৪র্থ	৫ম	৬ষ্ঠ	৭ম	৮ম	৯ম	১০ম	১১শ	১২শ	১৩শ	১৪শ		
উচ্চতর দক্ষতা																
প্রয়োগ দক্ষতা																
অনুধাবন দক্ষতা																
জ্ঞান দক্ষতা																
মোট																

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড -----/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড

পরীক্ষার নাম-----

২০২--- খ্রিস্টাব্দ

বিষয়: জীববিজ্ঞান

বিষয় কোড: ১৩৮


বহুনির্বাচনি প্রশ্নের সঠিক উত্তর উপস্থাপনের নমুনা ছক

এমসিকিউ আইটেম নম্বর	সঠিক উত্তর Answer Key
১	
২	
৩	
৪	
৫	
৬	
৭	
৮	
৯	
১০	
১১	
১২	
১৩	
১৪	
১৫	

এমসিকিউ আইটেম নম্বর	সঠিক উত্তর Answer Key
১৬	
১৭	
১৮	
১৯	
২০	
২১	
২২	
২৩	
২৪	
২৫	

**সৃজনশীল প্রশ্নের উদাহরণ**  
**বিষয়: জীববিজ্ঞান**      **বিষয় কোড: ১৩৮**

১.



- ক. বিয়োজক কী? ১
- খ. বেজি ও সাপের মধ্যে আন্তঃক্রিয়া ব্যাখ্যা করো। ২
- গ. চিত্রে বিদ্যমান ক্ষুদ্রতর যে কোনো একটি খাদ্যশৃঙ্খলে পুষ্টিপ্রবাহ ব্যাখ্যা করো। ৩
- ঘ. উদ্ভীপকের বাস্তুতন্ত্রে ব্যাঙের বিলুপ্তিজনিত প্রভাব বিশ্লেষণ করো। ৪

২. ঘটনা-১: জাহিন বাসায় ঢোকার সময় খাবারের সুবাস পেয়ে রান্নাঘরে গেলো।  
 ঘটনা-২: রান্নার পাত্রের অ্যালুমিনিয়ামের ঢাকনা খালি হাতে তুলতে গিয়ে গরম হওয়ায় সে সাথে সাথে ঢাকনাটি ছেড়ে দিলো।  
 ঘটনা-৩: ঘটনার আকস্মিকতায় জাহিনের হৃদস্পন্দন বেড়ে গেলো।

- ক. পুষ্টিলেটেড হরমোন কী? ১
- খ. পিটুইটারীকে মানবদেহের সর্বাধিক গুরুত্বপূর্ণ গ্রন্থি বলা হয় কেন? ব্যাখ্যা করো? ২
- গ. ঘটনা-১ এ জাহিনের রান্না ঘরে যাওয়ার উদ্ভীপনা তার দেহে কীভাবে সঞ্চালিত হলো? ব্যাখ্যা করো? ৩
- ঘ. ঘটনা-২ এবং ঘটনা-৩ এ সংঘটিত শারীরবৃত্তীয় ক্রিয়ার তুলনামূলক বিশ্লেষণ করো? ৪

৩. শীতের শেষ দিকে ২/৩ দিন মামাবাড়িতে বেড়ানোর পর বাড়ি ফিরে রীতা দেখলো তার টবে লাগানো গাঁদা ফুলগাছ নেতিয়ে পড়েছে। তবে গাছের গোড়ায় পানি দেওয়ার ঘন্টা দুই পর গাছগুলো আবার সতেজ হয়ে উঠছিলো। অপরদিকে বাড়ির মেহগনি গাছের পাতাগুলো প্রায় সম্পূর্ণ ঝরে পড়েছে।


- ক. সিস্টেমিক চাপ কাকে বলে? ১
- খ. A রক্তপথপথারী ব্যক্তির রক্ত B রক্তপথপথারী ব্যক্তিকে দান করা ঝুঁকিপূর্ণ কেন? ব্যাখ্যা করো। ২
- গ. রীতার ফুল গাছের পরিবর্তনের ক্ষেত্রে কাণ্ড পর্যন্ত যে প্রক্রিয়াটি সংঘটিত হয় তা ব্যাখ্যা করো? ৩
- ঘ. উদ্ভীপকে মেহগনি গাছের উল্লিখিত পরিবর্তন না ঘটলে কী ধরনের পরিস্থিতি সৃষ্টি হতো? যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

৪. হামিদ দৌড়বিদ। দৌড় প্রতিযোগিতা শেষ করার পর তার বুক দ্রুত উঠা নামা করতে থাকলো। রফিকের কাশি শীতকালে বেড়ে যায়। জ্বরের কোনো উপসর্গ না থাকলেও তীব্র কাশির সাথে তার বকের ভিতরে বাঁশির মতো আওয়াজ হয়। কাশেমের বেশ কিছুদিন যাবৎ ঘন ঘন প্রস্রাব হচ্ছে, সেই সাথে পানি পিপাসাও বেড়ে গেছে। অপরদিকে কাশেমেরও কাশি হয়েছে। রফিকের খুসখুসে কাশির সাথে তার ওজন কমে যাচ্ছে, গলার স্বরও ভাঙা।

- ক. শ্বসন কাকে বলে? ১
- খ. পারকিনসন রোগাক্রান্ত ব্যক্তির জন্য লেখালেখির কাজ কষ্টকর কেন? ব্যাখ্যা করো। ২
- গ. উদ্ভীপকের হামিদের শারীরিক অবস্থার সাথে সম্পর্কিত প্রক্রিয়াটি কীভাবে সম্পাদিত হয়? ব্যাখ্যা করো। ৩
